



RAMAKRISHNA MISSION
VIDYAMANDIRA
BOSE HOUSE CAMPUS

A Cultural & Educational Center

A Unit of Ramakrishna Mission Saradapitha

103, G.T. Road, P.O. – Rishra, P.S. – Rishra, District – Hooghly, Pin – 712248, West Bengal

Notice No.: 2026/VMBH/19

Date: 07/04/2026

Condolence Meeting

This is to inform all concerned that a **condolence meeting** will be held to mourn the untimely demise of **Shri Animesh Deb Roy**, Instructor of the “Enterprise Excel Automation & AI Integration for Business Analysts” course under the Dept. of Skill Enhancement Studies.

The meeting details is as follows:

Date: 19th April, 2026 (Sunday)

Time: 04:00 PM

Venue: RKMVM Bose House Campus, Rishra, Hooghly

All trainees, well-wishers, teaching and non-teaching staff members are requested to attend the meeting and pay their heartfelt tributes to the departed soul.

Principal

SWAMI MAHAPRAJNANANDA
Principal
Ramakrishna Mission Vidyamandira
(A Residential Autonomous College)
Belur Math :: Howrah-711202



Campus In-charge

SWAMI UMAPADANANDA
Campus-in-charge
Ramakrishna Mission Vidyamandira
Bose House Campus
Rishra :: Hooghly-712248



ফুরায় যা তা ফুরায় শুধু চোখে ...

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাসের Career Advancement Cell-এর Coordinator (Honorary) এবং Department of Skill Enhancement Studies-এর প্রশিক্ষক শ্রী অনিমেঘ দেব রায়ের আকস্মিক অকাল প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত ও মর্মান্বিত। হৃদরোগে আক্রান্ত হয়ে গতকাল রাত্রে আর.জি.কর. হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।



অনিমেঘ বাবু দীর্ঘদিন ধরে ক্যাম্পাসের সার্বিক কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত ছিলেন। চলতি শিক্ষাবর্ষে তিনি Enterprise Excel Automation & AI Integration for Business Analysts কোর্সে একজন নিষ্ঠাবান ও দায়িত্বশীল শিক্ষক হিসেবে নিয়মিত পাঠদান করে গেছেন। শিক্ষাদানের প্রতি তাঁর আন্তরিকতা, নিয়মানুবর্তিতা এবং গভীর নিষ্ঠা সকলের কাছে বিশেষভাবে সমাদৃত। তাঁর সহজবোধ্য উপস্থাপনা, বাস্তবমুখী দৃষ্টিভঙ্গি এবং প্রয়োগধর্মী শিক্ষাদান ছাত্রছাত্রীদের কাছে অত্যন্ত প্রশংসিত। Leadership & Entrepreneurial Management কোর্সটিও তাঁর সূচিন্তিত দিকনির্দেশনা ও স্নেহময় তত্ত্বাবধানে সুপরিকল্পিতভাবে পরিচালিত হয়ে আসছে। এই কোর্সের সামগ্রিক রূপায়ণ, উন্নয়ন এবং মানোন্নয়নে তাঁর অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রথাগত শিক্ষাকে কীভাবে কর্মসংস্থানমুখী করা যায়—এই বিষয়ে তাঁর আন্তরিক আগ্রহ ও উৎসাহ ছিল বিশেষভাবে লক্ষণীয়। শিক্ষাদানের পাশাপাশি ক্যাম্পাসের প্লেসমেন্ট সংক্রান্ত কার্যক্রমেও তিনি সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গঠনের লক্ষ্যে নিষ্ঠার সঙ্গে বিভিন্ন সময়ের প্লেসমেন্ট ড্রাইভগুলিও তিনি পরিচালনা করেছেন।

শুধু শিক্ষা ও কর্মসংস্থানের উদ্যোগেই নয়, ক্যাম্পাসের নানান সামাজিক ও গঠনমূলক কর্মসূচিতেও তাঁর প্রাণোচ্ছল উপস্থিতি সকলকে অনুপ্রাণিত করত। রিলিফের কার্যক্রম থেকে বৃক্ষরোপণ, CSR প্রকল্প থেকে নির্মাণ কাজ সব ক্ষেত্রেই তাঁর আন্তরিক সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ সকলের কাছে স্মরণীয় হয়ে থাকবে।

তাঁর সহজ-সরল জীবনচর্চা, সদা হাস্যময় আলাপন আর শান্ত স্বভাব সহজেই সকলকে তাঁর প্রতি আকৃষ্ট করত। সংস্কৃতিমনস্ক, সমাজসেবী ও পরোপকারী এই মানুষটি যে কোনো প্রয়োজনে সাহায্যের হাত বাড়িয়ে দিতে কখনও দ্বিধা করেননি। তাঁর স্বল্পায়ু জীবন মানবতার যে মহৎ আদর্শের শিক্ষা দিয়ে গেল, তা ভবিষ্যৎ দিনের জন্য এক মূল্যবান প্রেরণা হয়ে থাকবে। শ্রীশ্রীঠাকুর, শ্রীশ্রীমা ও স্বামীজীর কাছে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস তাঁর বিদেহী আত্মার চিরপ্রশান্তি প্রার্থনা করে - এই গভীর শোকের মুহূর্তে তাঁর শোকসন্তপ্ত পরিবার ও পরিজনদের প্রতি জানায় আন্তরিক সমবেদনা।